



উদ্ভিদবিজ্ঞান বিভাগে বঙ্গবন্ধু কর্ণার এর উদ্বোধন



২৫ নভেম্বর ২০২১-বৃহস্পতিবার উদ্ভিদবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের নিজস্ব অর্থায়নে বিভাগের সেমিনার লাইব্রেরিতে স্থাপিত বঙ্গবন্ধু কর্ণার এর শুভ উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক। এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল ইসলাম এবং বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী সাখাওয়াত হোসেনসহ অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য চারুকলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১ম ব্যাচের অ্যালামনাই আর্টিস্ট মোঃ ফাইয়াজ হোসেন, তিনি বিনা পারিশ্রমিকে ৭টি চিত্রকর্ম তৈরী করেন। উক্ত বঙ্গবন্ধু কর্ণারে বঙ্গবন্ধু, তাঁর পরিবার ও মুক্তিযুদ্ধ সংশ্লিষ্ট ৭০টি বই সংযোজিত হয়েছে এবং আরো নতুন বই সংযোজনের প্রক্রিয়া চলছে।